

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
সিংড়া, নাটোর।
www.fisheries.singra.natore.gov.bd

স্মারক নং: ৩৩.০২.৬৯৯১.৫০১.১৯.০০১.২২.

তারিখ : ৩০ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১৪ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ১ম ত্রৈমাসিক সভা আগামী ২১/০৯/২০২৩ খ্রি. রোজ বৃহস্পতিবার সকাল ১১.৩০ ঘটিকায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সিংড়া, নাটোর মহোদয়ের সভাপতিত্বে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সিংড়া, নাটোর-এ অনুষ্ঠিত হবে। উক্ত সভায় নির্ধারিত তারিখ ও সময়ে আপনাকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



(মোঃ শাহাদত হোসেন)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
সিংড়া, নাটোর।

প্রাপকঃ

.....
.....
.....

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। জেলা মৎস্য কর্মকর্তা, নাটোর।
- ২। অফিস কপি।

জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের
(stakeholders) অংশগ্রহণে সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ শাহাদত হোসেন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সিংড়া, নাটোর।
সভার স্থানঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, সিংড়া, নাটোর।
তারিখঃ ২১/০৯/২০২৩ খ্রি.
সময়ঃ সকাল ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের উপস্থিতি পরিশিষ্ট “ক”

সভাপতি সভায় উপস্থিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের সভার কাজ আরম্ভ করেন। তিনি জলজ সম্পদে সমৃদ্ধ বাংলাদেশের বিপুল জনগোষ্ঠীর পুষ্টির চাহিদা পূরণ, কর্মসংস্থান সৃষ্টি ও আর্থ সামাজিক উন্নয়নে মৎস্য সেক্টরের অবদানের বিষয়ে আলোচনা করেন। তিনি মাঠ পর্যায়ে মৎস্য অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কে সভায় উপস্থিত অংশীজনবৃন্দকে অবহিত করেন এবং মৎস্য অধিদপ্তরের কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয়ে সভায় দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। সভায় উপস্থিত অংশীজনবৃন্দ মৎস্য অধিদপ্তরের কর্মকাণ্ডের স্বচ্ছতা ও জবাবদিহি তার বিষয়ে একমত পোষণ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে সুশাসন প্রতিষ্ঠায় নিম্নোক্ত সুপারিশমালা প্রণীত হয়-

- ১। নিয়মিত মৎস্যচাষীদের পুকুরের মাটি ও পানি পরীক্ষা নিশ্চিত করতে হবে।
- ২। মাছ চাষের ক্ষেত্র বিবেচনা করে প্রশিক্ষণ প্রদান করতে হবে।
- ৩। মাছ চাষে পানির সরবরাহ নিশ্চিত করতে হবে।
- ৪। গলদা চিংড়ির রেণু উৎপাদন ও সরবরাহে সহযোগিতা করতে হবে।
- ৫। অনলাইনে খামার রেজিস্ট্রেশন কার্যক্রম চালু করার উদ্যোগ গ্রহন করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত মৎস্যচাষীদেরকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

প্রাপক

.....
.....
.....

(মোঃ শাহাদত হোসেন)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
সিংড়া, নাটোর।

স্মারক নং: ৩৩.০২.৬৯৯১.৫০১.১৯.০০১.২২.

তারিখঃ ২১/০৯/২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

- ১। জেলা মৎস্য কর্মকর্তা, নাটোর।
- ২। অফিস কপি।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
সিংড়া, নাটোর।

